74

দৈনিক বাংলা

তারিখ 19 JUL 1987
পৃষ্ঠা 7 কলাম 2

# গাইবান্ধায় প্রাইমারী শিক্ষকের ১০০টি পদ খালি

( নিজস্ব সংবাদদাতা )

গাইবান্ধা, ১৭ই জুলাই।—গাইবন্ধা জেলায় অন্ততঃ ১শ জন প্রাথমিক স্কুল শিক্ষকের পদ শূন্য। কোন কোন স্কুল মাত্র ১ জন শিক্ষক দিয়ে চলান হচ্ছে।

২ জন শিক্ষক দিয়ে চালানো হচ্ছে অন্ততঃ ২৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়।

গাইবান্ধা সদর উপজেলার চিথলিয়ার চর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে রয়েছেন ১ জন মাত্র শিক্ষক আজ ১ বছর যাবৎ। ছাত্রসংখ্যা এখন মাত্র ৫০। শিক্ষক না থাকায় অভিভাবকরা এখানে ছাত্র পাঠান না।

অপর দিকে, নসোলা, কড়াই বাড়ি, কলমু, ফরাজুনেসাসহ আরও ৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ২ জন করে শিক্ষক দিয়ে চালানো হচ্ছে। অপর ৬টি উপজেলায় এ ধরনের ২ জন শিক্ষকের স্কুল রয়েছে আরও ১৮টি।

প্রাথমিক স্কুল শিক্ষক নিয়োগের ক্ষেত্রে জটিলতা এবং শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত গ্রহণের গড়িমসির কারণেই গাইবান্ধায় বেশ কিছু স্কুলে শিক্ষক সমস্যা দেখা দিয়েছে।

ছাত্রসংখ্যার তুলনায় শিক্ষক কম থাকায় এসব বিদ্যালয়ে লেখাপড়া মোটেই হচ্ছে না।

অবিলম্বে নতুন শিক্ষক নিয়োগ করে প্রাথমিক ছাত্রছাত্রীদের লেখাপড়ার সুযোগ-সুবিধা বৃদ্ধির একান্ত প্রয়োজন হয়ে পড়েছে।